



বাংলাদেশ মেরিটাইম ইউনিভার্সিটি

জেনেটিক ইঞ্জিনিয়ারিং অ্যান্ড

মেরিন বায়োটেকনোলজি বিভাগ

ফ্যাকাল্টি অব আর্থ অ্যান্ড ওশান সায়েন্স

ফোন-+৮৮০৯৬১০৯০৬৪২০, ই-মেইল: dean.feos@bmu.edu.bd

স্মারক নং বিএমইউ/ডিন (এফইওএস)/জেঃইঞ্জিঃ-২৬৯/২৬/২২২

তারিখঃ ০৭ মে ২০২৬

খন্ডকালীন শিক্ষক নিয়োগ বিজ্ঞপ্তি

১। বাংলাদেশ মেরিটাইম ইউনিভার্সিটি এর জেনেটিক ইঞ্জিনিয়ারিং অ্যান্ড মেরিন বায়োটেকনোলজি বিভাগের 'Masters in Marine Biotechnology' প্রোগ্রামের ৭ম ব্যাচ (শিক্ষাবর্ষ ২০২৪-২০২৫) ৩য় সেমিস্টারে বর্ণিত কোর্সে পাঠদানের জন্য খন্ডকালীন শিক্ষক নিয়োগে যোগ্যতাসম্পন্ন ব্যক্তিদের নিকট হতে আগামী ১৫ জুন ২০২৬ তারিখের মধ্যে নির্ধারিত ফরমে দরখাস্ত আহ্বান করা যাইতেছেঃ

২। বিষয়ঃ GMBT -5301- Entrepreneurship in Marine Biotechnology.

৩। শিক্ষাগত যোগ্যতাঃ কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে সংশ্লিষ্ট বিষয়ে স্নাতকসহ স্নাতকোত্তর ডিগ্রী। পিএইচডি/এমফিল/সমমান ডিগ্রীধারীকে অগ্রাধিকার দেওয়া হইবে। এসএসসি হইতে স্নাতকোত্তর ডিগ্রী পর্যন্ত ন্যূনতম ০৩ টি প্রথম শ্রেণি/বিভাগ/সমমান গ্রেড থাকিতে হইবে। শিক্ষার কোন স্তরে ৩য় শ্রেণি/বিভাগ/সমমান গ্রেড গ্রহণযোগ্য হইবে না।

৪। অভিজ্ঞতাঃ

ক। পাবলিক বিশ্ববিদ্যালয়ে কর্মরত সহকারী অধ্যাপক, সহযোগী অধ্যাপক এবং অধ্যাপকগণ নিজ প্রতিষ্ঠানে যে পদে কর্মরত আছেন বা ছিলেন এই বিশ্ববিদ্যালয়েও সেই পদেই নিযুক্ত হইবেন।

খ। স্বীকৃত বেসরকারী বিশ্ববিদ্যালয় এবং স্নাতকোত্তর পর্যায়ে পাঠদানকারী প্রতিষ্ঠানের শিক্ষকগণের ক্ষেত্রে ন্যূনতম ০৩ (তিন) বছরের অভিজ্ঞতা থাকা সাপেক্ষে সহকারী অধ্যাপক, ন্যূনতম ১৪ (চৌদ্দ) বছরের অভিজ্ঞতা থাকা সাপেক্ষে সহযোগী অধ্যাপক এবং ন্যূনতম ২০ (বিশ) বছরের অভিজ্ঞতা থাকা সাপেক্ষে অধ্যাপক পদমর্যাদায় খন্ডকালীন শিক্ষক নিয়োগের জন্য বিবেচিত হইবেন।

গ। নিয়োগকালে প্রার্থীর কর্মরত প্রতিষ্ঠানের (প্রযোজ্য ক্ষেত্রে) অনুমতি/ছাড়াপত্র থাকিতে হইবে।

৫। নিয়োগের ক্ষেত্রে প্রকাশনাধারী প্রার্থীদের অগ্রাধিকার দেওয়া হইবে।

৬। কোর্স পরিচালনার ক্ষেত্রে অত্র বিশ্ববিদ্যালয়ের নীতিমালা অনুসরণ করিতে হইবে।

৭। একটি সেমিস্টারে একটি কোর্স পরিচালনার জন্য খন্ডকালীন শিক্ষক হিসাবে নিয়োজিত শিক্ষকগণকে নিম্নরূপভাবে সম্মানী প্রদান করা হইবেঃ

ক্রঃ	পদবী	সম্মানী (প্রতি কন্টাক্ট আওয়ার হিসেবে)	অন্যান্য পারিতোষিক (এককালীন)	মন্তব্য
১।	অধ্যাপক	২,১০০.০০	১৩,৪০০.০০	
২।	সহযোগী অধ্যাপক	২,০০০.০০	১৩,২০০.০০	
৩।	সহকারী অধ্যাপক	১,৮০০.০০	১৩,০০০.০০	
৪।	প্রভাষক	১,৬০০.০০	১২,৫০০.০০	

বিশেষ দ্রষ্টব্যঃ আগ্রহী প্রার্থীকে ০২ সেট আবেদন পত্র ডিন অফিস, আর্থ অ্যান্ড ওশান সায়েন্স অনুষদ বরাবর প্রেরণ করিতে হইবে

